

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ১৮, ২০২৩

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ৩০ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ/১৩ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

নং ১৭.০০.০০০০.০০৯.০৬.০০৮.১৭-১৩৫।—২২ এপ্রিল ২০২২ তারিখে বাংলাদেশ গেজেট-এর অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত “নিয়োগ, পদোন্নতি, প্রশাসনিক সংস্কার ও পুনর্বিন্যাস এবং দক্ষতা উন্নয়ন কমিটি” গঠন সংক্রান্ত ১৯ এপ্রিল ২০২২ তারিখের ১৭.০০.০০০০.০০৯. ০৬. ০০৮. ১৭-১২৪ নং স্মারকের প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিলপূর্বক নির্বাচন কমিশন “ ভোটকেন্দ্র স্থাপন এবং ভোটগ্রহণকারী কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত ও তদারকি” বিষয়ক নিম্নবর্ণিত কার্যপরিধিসহ কমিটি গঠন করিল :

০১। কমিটি :

১.	জনাব মোঃ আনিছুর রহমান, মাননীয় নির্বাচন কমিশনার, বাংলাদেশ নির্বাচন কমিশন	সভাপতি
২.	সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, ঢাকা	সদস্য
৩.	অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা	সদস্য
৪.	যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা	সদস্য
৫.	যুগ্মসচিব (নির্বাচন ব্যবস্থাপনা-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা	সদস্য
৬.	যুগ্মসচিব (নির্বাচন ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা	সদস্য
৭.	মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা	সদস্য
৮.	উপসচিব (নির্বাচন পরিচালনা-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা	সদস্য
৯.	উপসচিব (নির্বাচন সহায়তা ও সরবরাহ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা	সদস্য সচিব

(৪৮৪৭)

মূল্য : টাকা ৪.০০

কমিটি প্রয়োজনে কমিশনের যে কোন কর্মকর্তাকে কো-অপ্ট করিতে পারিবে।

০২। কার্যপরিধি :

- (ক) জাতীয় ও স্থানীয় সরকার নির্বাচনের জন্য ভোটকেন্দ্র স্থাপন সংক্রান্ত সমন্বিত নীতিমালা প্রনয়ণ, ভোটকেন্দ্র স্থাপন ও ব্যবস্থাপনা সংক্রান্ত সামগ্রিক কার্যক্রম গ্রহণ, তদারকীকরণ ও সমন্বয়;
- (খ) জাতীয় ও স্থানীয় সরকার নির্বাচনে নির্বাচনি কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত, প্রশিক্ষণ এবং এ সংক্রান্ত সকল কার্যক্রম তদারকীকরণ;
- (গ) কমিশন কর্তৃক সময়ে সময়ে অর্পিত যে কোন দায়িত্ব বা কার্যক্রম সম্পাদন।

০৩। নির্বাচন সহায়তা ও সরবরাহ অধিশাখা নির্বাচন কমিশনের উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

প্রধান নির্বাচন কমিশনারের আদেশক্রমে

মোহাম্মদ এনামুল হক

উপসচিব (সংস্থাপন)।